'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 6th Semester Examination, 2023

## DSE1/2-P2-BENGALI

**OLD SYLLABUS [For students with registration session 2018-2019 & 2019-2020]**

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

**The question paper contains paper DSE-A2 and DSE-B2.**
**The candidates are required to answer any *one* from *two* papers.**
**Candidates should mention it clearly on the Answer Book.**

## DSE-A2

### বাংলা কাব্য, নাটক, উপন্যাস ও ছোটগল্প

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) 'মরীচিকা' কাব্যগ্রন্থের প্রকাশকাল কত ? গ্রন্থটিতে মোট কবিতার সংখ্যা কয়টি ? এই কাব্যগ্রন্থের প্রথম ও শেষ কবিতার নাম লেখো।

(খ) 'কারাগার' নাটকটির প্রকাশকাল উল্লেখ করে এই নাটকে দু'টি পুরুষ ও নারী চরিত্রের নাম লেখো।

(গ) 'সুবর্ণলতা' উপন্যাসের তিনটি পুরুষ ও নারী চরিত্রের নাম উল্লেখ করো।

(ঘ) 'গণনায়ক' গল্পটির লেখকের নাম ও প্রকাশকাল উল্লেখ করো। গল্পে উল্লিখিত নদীটির নাম লেখো।

(ঙ) 'বন্যা' গল্পে কোন্ নদীতে বান এসেছিল ? এই গল্পের দু'টি পুরুষ চরিত্রের নাম লেখো।

(চ) 'সুবর্ণলতা' উপন্যাসে সুবর্ণলতার স্বামী ও তার সন্তানদের নাম লেখো।

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) 'মরীচিকা' কাব্যগ্রন্থে কবির যে ঈশ্বর চেতনার প্রকাশ ঘটেছে, তা সংক্ষেপে আলোচনা করো।

(খ) 'কারাগার' নাটকের চন্দনা চরিত্রটির স্বরূপ আলোচনা করো।

(গ) 'সুবর্ণলতা' উপন্যাসের প্রবোধ চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।

(ঘ) 'পত্রলেখার বাবা' গল্পের নামকরণের ব্যঞ্জনা কতখানি সার্থক — সংক্ষেপে আলোচনা করো।

(ঙ) 'চরণদাস এম.এল.এ' গল্পে স্বাধীনতা-পরবর্তীকালের রাজনৈতিক চিত্রের প্রকাশ পেয়েছে, তা সংক্ষেপে আলোচনা করো।

(চ) 'চকাচকী' গল্পে প্রেমের যে চিত্র ফুটে উঠেছে তার পরিচয় দাও।

Maynaguri College Library

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) যতীন্দ্রনাথ সেনগুপ্তকে দুঃখবাদী কবি বলা যায় কিনা — 'মরীচিকা' কাব্যগ্রন্থ অবলম্বনে আলোচনা করো।

(খ) 'সুবর্ণলতা' উপন্যাসে সমসাময়িককালের সমাজজীবনের যে চিত্র ফুটে উঠেছে — তা আলোচনা করো।

(গ) মন্মথ রায়ের 'কারাগার' একটি রূপকধর্মী নাটক কিনা — আলোচনা করো।

(ঘ) সতীনাথ ভাদুড়ীর 'গণনায়ক' গল্পে রাজনীতির যে অনুষঙ্গ রয়েছে তার পরিচয় দাও।

অথবা

## DSE-B2

## বাংলা কল্পবিজ্ঞান ও গোয়েন্দা কাহিনি

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) কল্পবিজ্ঞান কাকে বলে ?

(খ) 'সব ভুতুড়ে' গ্রন্থের তিনটি গল্পের নাম লেখো।

(গ) তোমার জানা তিনটি গোয়েন্দা গল্পের নাম লেখো।

(ঘ) দেশি বিদেশি মিলে তিনটি উল্লেখযোগ্য গোয়েন্দা চরিত্রের নাম লেখো।

(ঙ) জিম কার্টার কে ? সে কার সঙ্গে হিরের খনির সন্ধানে বেরিয়েছিল ? কার হাতে তার মৃত্যু হয় ?

(চ) 'আহিরিটোলার বাড়ি' গল্প অনুসারে বাড়িটির বর্ণনা দাও।

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) 'হ-য-ব-র-ল' গ্রন্থের নামকরণের সার্থকতা আলোচনা করো।

(খ) 'কাঠপুতলি' গল্পের বিষয়বস্তু আলোচনা করো।

(গ) বাংলা সাহিত্যে কল্পবিজ্ঞানের জনক কাকে বলা হয় ? তাঁর জনপ্রিয় বইটির বিষয়বস্তু সম্বন্ধে আলোচনা করো।

(ঘ) 'চাঁদের পাহাড়' উপন্যাসে প্রকৃতির ভয়াল রূপের যে ছবি ফুটে উঠেছে, তার পরিচয় দাও।

(ঙ) 'ফ্যান্টাস্টিক' গল্প অবলম্বনে ছোটমামা চরিত্রটি সম্পর্কে আলোচনা করো।

(চ) 'সব ভুতুড়ে' গ্রন্থের নামকরণ আলোচনা করো।

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) বাংলা গোয়েন্দা গল্পের উদ্ভব আলোচনা করো।

(খ) 'চাঁদের পাহাড়' গ্রন্থে শংকরের যে দুঃসাহসিক অভিযানের কাহিনি বর্ণনা করা হয়েছে তার পরিচয় দাও।

(গ) রম্যরচনা হিসেবে 'হ-য-ব-র-ল' গ্রন্থের সার্থকতা আলোচনা করো।

(ঘ) 'সব ভুতুড়ে' গ্রন্থে লীলা মজুমদারের যে কৌতুক রসের পরিচয় পাওয়া যায়, তা আলোচনা করো।

——×——

Maynaguri College Library

'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 6th Semester Examination, 2023

## GE1-P2-BENGALI

**OLD SYLLABUS [For students with registration session 2018-2019 & 2019-2020]**

Time Allotted: 2 Hours — Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) লয় কাকে বলে ? লয় কত প্রকার ও কী কী ?

(খ) মুক্তক ছন্দের প্রবর্তক কে ? এই ছন্দের সংজ্ঞা লেখো।

(গ) উদাহরণসহ সমাসোক্তি অলংকারের সংজ্ঞা দাও।

(ঘ) অর্থালংকার কাকে বলে ? উদাহরণ দাও।

(ঙ) চারুশিল্প ও কারুশিল্প বলতে কী বোঝো ?

(চ) ভাটিয়ালি, ভাওয়াইয়া, আলকাপ কী ধরনের সঙ্গীত ?

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) অমিত্রাক্ষর ছন্দের বৈশিষ্ট্যগুলি লেখো।

(খ) ছন্দলিপি প্রস্তুত করোঃ

খাঁচার ভিতর অচিন পাখি কেমনে আসে যায়,
ধরতে পারলে মনবেড়ি দিতাম পাখির পায়।

(গ) উৎপ্রেক্ষা অলংকার কাকে বলে ? এটি কয় প্রকার ও কী কী ? প্রকারগুলির মধ্যে পার্থক্য নির্ণয় করো।

(ঘ) অলংকার নির্ণয় করোঃ

(অ) ঘন বন তলে এসো ঘন নীল বসনা।

(আ) কু কথায় পঞ্চমুখ কণ্ঠভরা বিষ
কেবল আমার সঙ্গে দ্বন্দ্ব অহর্নিশ।

(ঙ) প্রবাদের মধ্য দিয়ে কীভাবে সমাজজীবন খুঁজে পাওয়া যায়, তা সংক্ষেপে লেখো।

(চ) "তেমনি ছড়াগুলিও শিশুসাহিত্য; তাহারা মানব মনে আপনি জন্মিয়াছে।" — ছড়ার বিশেষত্ব লেখো।



Maynaguri College Library

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) কলাবৃত্ত ছন্দ কাকে বলে ? এই ছন্দকে আর কী কী নামে অভিহিত করা যায় ? উদাহরণসহ এই ছন্দের বৈশিষ্ট্যগুলি লেখো।

(খ) শব্দালংকার কাকে বলে ? এর প্রকারভেদ করো। যে-কোনো দুই প্রকার শব্দালংকারের সংজ্ঞা উদাহরণসহ লেখো।

(গ) 'কবি সংগীত' প্রবন্ধে রবীন্দ্রনাথ ঠাকুর কবিওয়ালাদের সম্পর্কে যে মূল্যায়ন করেছেন তার পরিচয় দাও।

(ঘ) লোকসঙ্গীত কাকে বলে ? তোমার পাঠ্য যে-কোনো তিনটি লোকসঙ্গীতের বিস্তারিত পরিচয় দাও।

———×———

Maynaguri College Library

'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 6th Semester Examination, 2023

## SEC2-P2-BENGALI

## সৃজনমূলক লিখন চর্চা

**OLD SYLLABUS** [For students with registration session 2018-2019 & 2019-2020]

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) ছোটগল্পের তিনটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

(খ) রবীন্দ্রনাথের লেখা তিনটি ছোটগল্পের নাম লেখো।

(গ) তাৎক্ষণিক বক্তব্য প্রদানের সময় যে সমস্যাগুলির মুখোমুখি হতে হয় সেগুলির উল্লেখ করো।

(ঘ) কবিতা বলতে কী বোঝো ?

(ঙ) সংলাপ কাকে বলে ? সংলাপের ভাষা কেমন হওয়া উচিত ?

(চ) কবিতার চিত্রকল্প কী ?

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) ছোটগল্প রচনায় বিষয়বস্তুর বৈচিত্র্য সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(খ) তাৎক্ষণিক বক্তব্য শুরু ও শেষ করার নিয়ম সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।

(গ) তাৎক্ষণিক বক্তব্য উপস্থাপনার ক্ষেত্রে বক্তার কী কী গুণ থাকা আবশ্যক সে বিষয়ে তোমার অভিমত ব্যক্ত করো।

(ঘ) কোনো কবিতার কাব্যসৌন্দর্য বিচার করতে গেলে যে বিষয়গুলির প্রতি নজর দিতে হয় সেগুলির সংক্ষিপ্ত আলোচনা করো।

(ঙ) করোনা ভাইরাস বিভিন্ন প্রকারে যেভাবে জন-জীবনকে আতঙ্কগ্রস্ত করে তুলেছে সে বিষয়ে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা করো।

(চ) পরীক্ষার প্রস্তুতি বিষয়ে ছাত্র ও শিক্ষকের মধ্যে সংলাপ প্রস্তুত করো।

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) বর্তমান সমাজের অবক্ষয়ের বিষয় অবলম্বনে একটি ছোটগল্প রচনা করো।

(খ) রক্তদান বিষয়ে সচেতন করতে পথসভায় একটি তাৎক্ষণিক বক্তব্য প্রস্তুত করো।

(গ) বিশ্ব উষ্ণায়নের ফলে মানবজীবনে যে ক্ষতিকর প্রভাব পড়েছে সে বিষয়ে একটি তাৎক্ষণিক বক্তব্য প্রস্তুত করো।

(ঘ) তোমার পঠিত একটি কবিতার কাব্যসৌন্দর্য বিচার করো।

——×——



Mainaguri College Library

6/7/23

'সমানো মন্ত্রঃ সমিতিঃ সমানী'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 6th Semester Examination, 2023

## SEC2-P2-BENGALI

## সৃজনমূলক লিখন চর্চা

**NEW SYLLABUS**

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) রবীন্দ্রনাথের তিনটি ছোটগল্পের নাম লেখো।

(খ) তাৎক্ষণিক বক্তব্যের কয়টি অংশ ও কী কী?

(গ) চিত্রকাব্য বলতে কোন্ ধরনের কবিতাকে বোঝায়?

(ঘ) কবিতায় কাব্যসৌন্দর্য বিচারে অলংকারের গুরুত্ব অতি সংক্ষেপে আলোচনা করো।

(ঙ) সংলাপ বলতে কী বোঝো? নাটকের সংলাপ কেমন হওয়া উচিত?

(চ) তাৎক্ষণিক বক্তব্যে তথ্যের গুরুত্ব কতখানি — অতি সংক্ষেপে লেখো।

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) 'শেষ হয়ে হইল না শেষ' — এই নিরিখে ছোটগল্পের সমাপ্তি বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করো।

(খ) ছোটগল্প রচনার ক্ষেত্রে চরিত্রের গুরুত্ব আলোচনা করো।

(গ) কবিতার কাব্যসৌন্দর্য বিচার করতে গিয়ে কী কী বিষয়ের দিকে গুরুত্ব দিতে হবে — তা সংক্ষেপে লেখো।

(ঘ) কোন্ কোন্ বিষয়ে সচেতন থাকলে তাৎক্ষণিক বক্তব্য প্রদানে সফল হওয়া যায় — সংক্ষেপে লেখো।

(ঙ) অ্যাডিনো ভাইরাস যে আতঙ্ক সৃষ্টি করেছে এ বিষয়ে দুই বন্ধুর মধ্যে একটি তাৎক্ষণিক সংলাপ রচনা করো।

(চ) তাৎক্ষণিক বক্তব্য শুরু ও শেষ করার নিয়ম সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) তোমার পঠিত যে-কোনো একটি কবিতার কাব্যসৌন্দর্য বিচার করো।

(খ) তোমার ভ্রমণ অভিজ্ঞতার উপর ভিত্তি করে একটি ছোটগল্প রচনা করো।

(গ) সামাজিক অবক্ষয় রোধে আয়োজিত একটি পথসভার জন্য তাৎক্ষণিক বক্তব্য প্রস্তুত করো।

(ঘ) মহাবিদ্যালয়ে নবীন বরণ উৎসব উপলক্ষ্যে একটি তাৎক্ষণিক বক্তব্য প্রস্তুত করো।

—×—

Maynaguri College Library

'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 6th Semester Examination, 2023

## DSE1/2-P2-BENGALI (A2/B2)

### NEW SYLLABUS

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

**The question paper contains paper DSE-A2 and DSE-B2.**
**The candidates are required to answer any *one* from *two* papers.**
**Candidates should mention it clearly on the Answer Book.**

## DSE-A2

### বাংলা কাব্য, নাটক, উপন্যাস ও ছোটগল্প

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) 'মরীচিকা' কাব্যগ্রন্থটি কত সালে প্রকাশিত হয় ? এই কাব্যে মোট কয়টি কবিতা রয়েছে ? প্রথম ও শেষ কবিতার নাম লেখো।

(খ) 'কারাগার' নাটকটির প্রকাশকাল লেখো। কারাগার শব্দটির অর্থ কী ? এই নাটকে কার কারাগারের কথা বলা হয়েছে ?

(গ) 'গণনায়ক' গল্পটি কবে, কোথা থেকে প্রকাশিত হয় ? গল্পে উল্লেখিত নদীটির নাম লেখো।

(ঘ) 'সুবর্ণলতা' উপন্যাসের তিনটি পুরুষ ও নারী চরিত্রের নাম উল্লেখ করো।

(ঙ) 'কারাগার' নাটকে উল্লেখিত "স্বধর্ম নিধনং শ্রেয়ঃ পরধর্ম ভয়াবহঃ" বক্তব্যটির তাৎপর্য লেখো।

(চ) 'বন্যা' গল্পটি কোন্ প্রেক্ষাপটে রচিত ? এই গল্পে বিবাদমান দু'টি পুরুষ চরিত্রের নাম উল্লেখ করো।

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) 'মরীচিকা' কাব্যগ্রন্থে কবি যতীন্দ্রনাথ সেনগুপ্তের ঈশ্বর ভাবনার যে স্বরূপ প্রকাশিত হয়েছে — তা সংক্ষেপে ব্যক্ত করো।

(খ) 'কারাগার' নাটকের কংস চরিত্রটি আলোচনা করো।

(গ) মুক্তকেশীর চারজন ছেলের নাম লেখো। চার ছেলের মধ্যে মেজো ছেলের চরিত্রের অভিনবত্ব সংক্ষেপে আলোচনা করো।

(ঘ) 'বৈয়াকরণ' গল্পের মূল বক্তব্য সংক্ষেপে আলোচনা করো।

(ঙ) 'ঘুমের ঘোরে' কবিতাটি কার লেখা ও কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত ? কবিতাটির মূলভাব সংক্ষেপে ব্যক্ত করো।

(চ) 'বন্যা' গল্পে বন্যার ভয়াবহ পরিস্থিতির যে চিত্র ফুটে উঠেছে — তা সংক্ষেপে আলোচনা করো।



Maynaguri College Library

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) সমাজের অন্ত্যজ-অবহেলিত মানুষের কথা 'মরীচিকা' কাব্যের বেশ কিছু কবিতায় ব্যক্ত — এই বিষয়ে কবির মনোভাব আলোচনা করো।

(খ) 'কারাগার' নাটকটিকে পৌরাণিক নাটক বলা যায় কিনা — আলোচনা করো।

(গ) শাসন-নিয়মের বেড়াজালে আবদ্ধ নারীর কঠিন যন্ত্রণা ও মুক্তি-বাসনা 'সুবর্ণলতা' উপন্যাসের কেন্দ্রীয় নারী চরিত্রে কিভাবে প্রতিফলিত হয়েছে — তা আলোচনা করো।

(ঘ) 'গণনায়ক' গল্পটি দেশভাগের গল্প হিসাবে কতখানি সার্থক — তা আলোচনা করো।

অথবা

## DSE-B2

### বাংলা কল্পবিজ্ঞান ও গোয়েন্দা কাহিনি

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) কল্পবিজ্ঞানের তিনটি বৈশিষ্ট্যের উল্লেখ করো।

(খ) 'হ য ব র ল' এরূপ নামকরণের কারণ কী ?

(গ) বিড়ালের ভাষায় 'চশমা' শব্দটি কীভাবে লেখা হয়েছিল ?

(ঘ) জিম কার্টার কে ? সে কার সঙ্গে হীরের খনির সন্ধানে বেড়িয়েছিল এবং কার হাতে তার মৃত্যু হয় ?

(ঙ) বাংলা সাহিত্যে কয়েকজন গোয়েন্দা গল্প লেখক ও তাঁদের সৃষ্ট গোয়েন্দা চরিত্রের নাম লেখো।

(চ) 'চাঁদের পাহাড়' উপন্যাসটি কার লেখা ? এটি কত সালে প্রকাশিত হয় ? এই উপন্যাসটি কাকে উৎসর্গ করা হয়েছে ?

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) গোয়েন্দা কাহিনী নির্মাণে সত্যজিৎ রায়ের ভূমিকা সংক্ষেপে আলোচনা করো।

(খ) 'অহিদিদির বন্ধুরা' গল্পটি কার লেখা ? গল্পটি অবলম্বনে অহিদিদির বন্ধুদের সংক্ষিপ্ত পরিচয় দাও।

(গ) 'সব ভুতুড়ে' গল্পগ্রন্থের অন্তর্গত 'লক্ষ্মী' গল্প অবলম্বনে লক্ষ্মী চরিত্রটি আলোচনা করো।

(ঘ) 'ফ্যান্টাস্টিক' গল্প অবলম্বনে ছোট মামা চরিত্রটি আলোচনা করো।

(ঙ) বাংলা সাহিত্যে কল্পবিজ্ঞানের জনক কাকে বলা হয় ? তাঁর জনপ্রিয় বইটির বিষয়বস্তু সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(চ) 'চাঁদের পাহাড়' উপন্যাস অবলম্বনে শঙ্করের ভ্রমণপিপাসু মনের পরিচয় দাও।

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) বাংলা সাহিত্যে কল্পবিজ্ঞানের উদ্ভব সম্পর্কে আলোচনা করো।

(খ) 'সব ভুতুড়ে' গ্রন্থে লীলা মজুমদারের যে কৌতুকরসের পরিচয় পাওয়া যায় — তা আলোচনা করো।

(গ) রম্যরচনা হিসাবে 'হ য ব র ল' গ্রন্থটির সার্থকতা আলোচনা করো।

(ঘ) 'চাঁদের পাহাড়' উপন্যাসের বিদেশি চরিত্রগুলি সম্পর্কে আলোচনা করো।

———×———

Maynaguri College Library

UG/CBCS/B.A./Programme/6th Sem./Bengali/BENPGE2/2023

'সমানো মন্ত্রঃ সমিতিঃ সমানী'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 6th Semester Examination, 2023

## GE1-P2-BENGALI

### NEW SYLLABUS

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) ছেদ কাকে বলে ? ছেদ ও যতির মধ্যে পার্থক্য লেখো।

(খ) টীকা লেখোঃ লয় অথবা দল।

(গ) ছেকানুপ্রাস অলংকার কাকে বলে ? উদাহরণ দাও।

(ঘ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'লোকসাহিত্য' গ্রন্থে কয়টি প্রবন্ধ সংকলিত হয়েছে এবং কী কী ?

(ঙ) তিনজন লোকসংস্কৃতি-গবেষকের নাম লেখো।

(চ) কবিগানের তিনটি বৈশিষ্ট্য লেখো।

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) ছন্দোলিপি প্রস্তুত করোঃ

আমি ক্লান্ত প্রাণ এক, চারিদিকে জীবনের সমুদ্র সফেন,
আমারে দু'দণ্ড শান্তি দিয়েছিল নাটোরের বনলতা সেন।

(খ) অলংকার নির্ণয় করোঃ

(অ) লঙ্কার পঙ্কজ রবি গেলা অস্তাচলে।

(আ) কে বলে শারদ শশী সে মুখের তুলা
পদনখে পড়ে আছে কতগুলা।

(গ) উৎপ্রেক্ষা অলংকার কাকে বলে ? এই অলংকার কত প্রকার ও কী কী ? প্রত্যেক প্রকার অলংকারের উদাহরণসহ পরিচয় দাও।

(ঘ) 'এপার গঙ্গা; ওপার গঙ্গা, মধ্যিখানে চর,
তারি মধ্যে বসে আছে শিব সদাগর।'

— এই ছড়াটির সূত্র ধরে রবীন্দ্রনাথ ঠাকুরের যে মনোভাব প্রকাশিত হয়েছে তা উল্লেখ করো।

(ঙ) টীকা লেখোঃ পটুয়া, চোর-চুন্নী।

(চ) বাংলা লোকসংস্কৃতি চর্চায় প্রতিষ্ঠানের ভূমিকা আলোচনা করো।

Maynaguri College Library

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) দলবৃত্ত ছন্দের সংজ্ঞা দাও। এই ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

(খ) উপমা অলংকার কাকে বলে ? এই অলংকার কত প্রকার ও কী কী ? উদাহরণসহ প্রত্যেক প্রকার অলংকারের পরিচয় দাও।

(গ) 'লোকসাহিত্য' গ্রন্থের কোন্ প্রবন্ধে হরগৌরীর দাম্পত্য জীবনের কথা উঠে এসেছে ? তার পরিচয় দাও।

(ঘ) প্রবাদ কাকে বলে ? প্রবাদের বৈশিষ্ট্য লেখো। প্রবাদের মধ্য দিয়ে কিভাবে সমাজচিত্র ফুটে উঠেছে তা উদাহরণসহ উল্লেখ করো।

——×——

Maynaguri College Library